জনাব কামরান মির্জার প্রত্যুত্তর - ৩

আমি এক্ষুনি প্রমান করে দিতে চাই যে আমার বিরুদ্ধে মির্জা সাহেবের অভিযোগ সম্পুর্ণ ভুল/মিথ্যা! আগের এক লেখাতেও ওনি একই কথা বলেছেন। **ওনি বলেছেন আমি নাকি কোরানের আয়াত বিকৃত করেছি বা ইচ্ছামত অনুবাদ করেছি!** দেখা যাক কোনটা সত্য। নীচের ফেমাস ওয়েব সাইটে মোট চারটি কোরানের ট্রানসলেশন পাশাপাসি রাখা আছে। যে কারো অধিকার আছে একটি ট্রানসলেশন কোট করার। এখন ট্রানসলেটরদের মধ্যে যদি কন্ট্রাডিকশন থাকে সে সমস্যা কিন্তু ট্রানসলেটরদের উপরেই বর্তাবে। যে কোট করছে তার উপর কোনভাবেই বর্তাবে না। আমি খলিফার ট্রানসলেশন কোট করেছিলাম (যদিও উল্লেখ করা হয়নি)। মির্জা সাহেব হয়তো বিষয়টা লক্ষ্য করেও চেপে যেয়ে একহাত নিয়েছেন! পাঠক, দেখুন তো **আয়াত বিকৃতি** তো দূরে থাক কোন রকম দাঁড়ি-কমার হেরফের আছে কি না?

http://www.quran.org/quran/quran4/

24.31: KHALIFA: And tell the believing women to subdue their eyes, and maintain their chastity. They shall not reveal any parts of their bodies, **except that which is necessary**. **They shall cover their chests, and shall not relax this code in the presence of other** than their husbands, their fathers, the fathers of their husbands, their sons, the sons of their husbands, their brothers, the sons of their brothers, the sons of their sisters, other women, the male servants or employees whose sexual drive has been nullified, or the children who have not reached puberty. They shall not strike their feet when they walk in order to shake reveal certain details of their bodies. All of you shall repent to GOD, O you believers, that you may succeed.

দেখলেন তো, আয়াত বিকৃত করা হয়নি। প্রশ্নই ওঠেনা, কোন কারণই দেখিনা। আমি সিওর, মির্জা সাহেব আমাকে চিনতে ভুল করছেন। ওনার লেখার সমালোচনা করাতে ওনি শুধু শুধু চটে গিয়ে চিৎকার করছেন! তাছারা আমার লেখার মধ্যে যে ভুল-ভ্রান্তি থাকতে পারে না সেটাও তো বলি নাই। তবে আয়াত বিকৃত করার প্রশ্নই ওঠেনা।

পাঠক, দেখুন তো উপরের ভার্সটাতে 'চুল' বা 'সৌন্দর্য্যকে' ঢেকে রাখার কথা বলা আছে কি না? তাহলে আমরা কার ট্রানসলেশনকে সঠিক বলে গ্রহণ করব? যে কোট করছে সে কিভাবে দায়ী হয়?

"... they should not display their **beauty** and ornaments **except** what (must ordinarily) appear thereof" ... YUSUFALI

"... and to display of their adornment **only** that which is apparent ..." ... PICKTHAL

"... do not display their ornaments **except** what appears thereof ... " ... SHAKIR

"... They shall not reveal any parts of their bodies, **except** that which is necessary ... " KHALIFA

সবগুলো ফেমাস ট্রানসলেশনেই 'except' টার্ম দিয়ে একটি ফ্রেজ আছে। পড়ে দেখুন দয়া করে। আমি বুঝতে পারছি, যে সকল ট্রানসলেশনে beauty টার্ম'টা আছে মির্জা সাহেব সে সকল ট্রানসলেশন থেকে কোট করে মহিলাদের Face ইনডিকেট করেছেন।

এখন মির্জা সাহেবের দাবি অনুযায়ী মুখ সহ সম্পুর্ণ শরীর ঢেকে বোরখা পরলে 'except' কথাটার অর্থ অনেকটা'ই মিনিংলেস হয়ে যায়। কেহ কি উপরের কোট করা ফ্রেজটার ব্যাখ্যা করতে পারবেন কি? আমি কিন্তু উপরের চারটি ফ্রেজেই ফ্রিডম দেখছি। Please be open minded and think about the above phrases.

এখন মির্জা সাহেবের কিছু ব্যামার উল্লেখ করা যাক। গত লেখাটিতে একই ব্যামার ধরে দেওয়ার পরও ওনি ঠিক হন নাই। ওনি আবারও আয়াত 33.33 কোট করে মহিলাদের অন্দর মহলে ঢুকিয়েছেন! যে কোন সুস্থ্য মানুষ নীচের আয়াত দুটি পাশাপাসি পড়লে একদম পরিস্কার যে আয়াত দূটি শুধুই প্রফেট মুহাম্মদের ওয়াইফদের জন্য প্রযোজ্য। এছারাও আগের লেখাতে কিছু কিছু ভুল ধরিয়ে দিয়েছি।

33.32.YUSUFALI: **O Consorts of the Prophet! Ye are not like any of the (other) women**: if ye do fear (Allah), be not too complacent of speech, lest one in whose heart is a disease should be moved with desire: but speak ye a speech (that is) just.

33.33.YUSUFALI: **And stay quietly in your houses**, and make not a dazzling display, like that of the former Times of Ignorance; and establish regular Prayer, and give regular Charity; and obey Allah and His Messenger. And Allah only wishes to remove all abomination from you, ye members of the Family, and to make you pure and spotless.

কোরান কম জেনে যদি কেহ হাফ-মোল্লা হয়, তাহলে যে কোরান বেশী জানে সে অবশ্যই ফুল-মোল্লা হবে। সেই সুত্রে আপনি একজন ফুল-মোল্লা আর আমি একজন হাফ-মোল্লা। ঠিক হ্যায়? ফুল-মোল্লাই যেখানে ভুল করছে সেখানে হাফ-মোল্লা তো ভুল করতেই পারে। মনে হচ্ছে ফুল-মোল্লা হাফ-মোল্লার চেয়ে কম টলার‍্যান্ট!

আপনি ভুল করছেন! আমার প্রথম প্রবন্ধটি আপনাকে নিয়ে ছিল না। আপনি নিজেকে জড়ায়ে এখন 'আমাদের' 'আমাদের' 'আমাদের' বলে চিৎকার করছেন। আবার যে সত্যগুলো প্রমান করে দিচ্ছি সেগুলোকে মেনে নিতেও পারছেন না। যেটা প্রমান হয়েছে সেটা আমি apology চেয়ে অনেস্টলি মেনে নিয়েছি, যে সৎ সাহস মনে হচ্ছে আপনার নেই। আমি আপনার সাথে কথা বলছি। 'আপনাদের' সাথে কথা বলছি না তো? বার বার প্লুরাল নাম্বারে কথা বলছেন কেন! সিঙ্গুলার নাম্বারে কথা বলুন দয়া করে।

আমার চ্যালেঞ্জ-১ আপনাকে থ্রু করিনি। আবারো গায়ে মেখে নিচ্ছেন। ভার্স কোট করে চ্যালেঞ্জ-১ এর উত্তর দিয়ে মনে হচ্ছে একদম মহাবিশ্ব জয় করে ফেলেছেন! হুহ!

এই সামান্য সমালোচনাতেই বাঁচাও বাঁচাও বলে চিৎকার শুরু করে দিয়েছেন! তা না হলে আপনার মত একজন বিজ্ঞ মানুষ সমালোচকের লেখা ছাপাতে নিষেধ করে কিভাবে? আপনিও তো আমাকে অপমান করেছেন মিথ্যা অভিযোগ দিয়ে। আমিও তো একই অনুরোধ করতে পারি। যতক্ষণ পর্যন্ত আপনার লেখাতে ভুল/মিথ্যা পয়েন্ট রেখে দেবেন ততক্ষণ পর্যন্ত আমি উত্তর দিয়েই যাবো। রায়হানকে যা তা বলে দৌড় দেবেন আর রায়হান কোন উত্তর না দিয়ে চুপ করে থাকবে তা কি করে হয়।

আমি কিন্তু বার বার ডিফেন্ড করার সুযোগ দিচ্ছি। অর্থাৎ, অপশন দিয়ে বলছি যে ভুল নাকি মিথ্যা। সেটাই নিয়ম। আপনি কিন্তু এ সুযোগ দিচ্ছেন না! সঠিকভাবে কোট করুন, কথা দিচ্ছি অযথায় আমার থেকে সমালোচনা পাবেন না।

ধন্যবাদ- রায়হান।